

২৭৯

ঔ তৎ সৎ

England
মে (?), ১৮৯৬

প্রিয় শশী,

পূর্বপত্রে যদি ভুল হইয়া থাকে, তাহা হইলে এই পত্রে লিখি যে কালী যে দিবস start (যাত্রা) করিবে, সেদিন কিম্বা তাহার আগে যেন E. T. Sturdy (স্টার্ডি)-কে চিঠি লেখে, যাহাতে সে যাইয়া তাহাকে জাহাজ হইতে লইয়া আসে। এ লন্ডন শহর মানুষের জঙ্গল -- দশ পনেরটা কলিকাতা একত্রে -- অতএব ঐ প্রকার না করিলে গোলমাল হয়ে যাবে। আসতে দেরি যেন না হয়, পত্রপাঠ চলে আসতে বলবে। শরতের বেলার মতো যেন না হয়। বাকি বুঝে-সুঝে ঠিক করে নেবে।

কালীকে যাই হোক সত্বর পাঠাবে। যদি শরতের বেলার মতো তেরি হয় তো কাহাকেও আসতে হবে না; ও-রকম গড়িমসির কাজ নয়। মহা রজোগুণের কাজ, আমাদের দেশময় খালি তমস, আমাদের দেশে রজস্ চাই -- তারপর সত্ত্ব, সে ঢের দূরের কথা। ইতি

নরেন্দ্র